ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬

তারিখ: ০৪ মে, ২০০৫
২১ বৈশাখ, ১৪১২

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

কর্মচারী/কর্মকর্তা নিয়োগদান প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ে আমাদের ০৪-০৯-১৯৯৫ইং তারিখের বিসিডি সাকুর্লার লেটার নং-১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। ব্যাংকিং খাতে মানব সম্পদ ব্যবহারের ক্ষেত্রে শৃঙ্খলার পরিপন্থী কার্যকলাপ রোধকল্পে এক ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীকে অন্য ব্যাংকে নিয়োগ দানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া যাচ্ছে :-

ক) যদি কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন শৃঙ্খলামূলক কেসের কার্যক্রম অনিষ্পন্ন অবস্থায় না থাকে তবে সংশ্লিষ্ট পদত্যাগকারী কর্মকর্তা/কর্মচারীর পদত্যাগপত্র দাখিলের ০৭(সাত) দিনের মধ্যে গ্রহনীয় হবে এবং আর্থিক দায়-দেনা, যদি থাকে, সমন্বিত হওয়া সাপেক্ষে তিনি অব্যাহতি প্রাপ্ত হবেন ।

খ) যদি কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলামূলক কেস বিবেচনাধীন থাকে তাহলে সেক্ষেত্রে ০১ (এক) মাসের মধ্যে চাকুরী বিধি মোতাবেক কেসটি নিষ্পত্তিযোগ্য হবে ।

গ) নতুন কর্মস্থলে যোগদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর পূর্ববর্তী ব্যাংকের ছাড়পত্র দাখিল আবশ্যক হবে ।

ঘ) যদি কোন ব্যাংক কোম্পানীর কোন কর্মকর্তা অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি, নৈতিক স্খলনজনিত কারণে চাকুরী হতে বরখাস্ত হন, তাহলে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১১(৪ক) ধারা মোতাবেক তিনি পরবর্তী কোন ব্যাংক কোম্পানীর চাকুরীতে নিয়োগের অযোগ্য হবেন ।

(ঙ) যদি কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন কেসের তদন্ত অনিষ্পন্ন থাকা অবস্থায় তার পদত্যাগপত্র গৃহীত হয় এবং নতুন কর্মস্থলে যোগদানের পর পূর্ববর্তী ব্যাংকে কৃত উপরিবর্ণিত 'ঘ' ক্রমিকে বর্ণিত অনিয়মের অভিযোগ প্রমাণিত হয় তবে তাকে চাকুরী হতে বরখাস্ত করার ব্যাপারে পূর্ববর্তী ব্যাংক কর্তৃপক্ষ বাংলাদেশ ব্যাংকের অবগতি সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক যোগদানকৃত নতুন ব্যাংককে অনুরোধ করবে । উক্ত অনুরোধ মোতাবেক ০৩(তিন) সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গৃহীত না হলে অনুরোধ জ্ঞাপনকারী ব্যাংক বিষয়টি বাংলাদেশ ব্যাংকে অবহিত করবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(নব গোপাল বণিক)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫